



বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ, সদর দফতর, ঢাকা

ই-মেইল : dgm.mnd@bhhfc.gov.bd

অফিস আদেশ নম্বর : ২২০.১৯.২০২২

তারিখ : ২১.১১.২০২২খ্রি.

বিষয়: বিএইচবিএফসি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনঃগঠন সংক্রান্ত।

সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নির্ধারিত ফরমেটে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের সার্বিক সেবা সংক্রান্ত একটি সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বিদ্যমান রয়েছে। প্রতিষ্ঠানের সেবা বিতরণের ক্ষেত্রে দায়বদ্ধতা, স্বচ্ছতা, জবাবদিহিতা এবং এর মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বিএইচবিএফসি সিটিজেন চার্টারটির ব্যাপক প্রদর্শন ও প্রচার নিশ্চিত করা হয়েছে।

২. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর ১.৪.১ নম্বর অনুচ্ছেদে ‘সেবা প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিকল্পনা: ২০২২-২৩’ এর আওতায়:

- ক. ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনঃগঠন;
- খ. সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন;
- গ. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দণ্ডনির্ণয়/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন;
- ঘ. ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং
- ঙ. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন-ইত্যাদি কর্মসূচীর বিপরীতে সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনের বাধ্যবাধকতা রয়েছে।

৩. ত্রামিক ১ এবং ২ (ক) এর বর্ণনার প্রেক্ষাপটে নির্মান কর্মকর্তাদের (জ্যোতির ত্রামানুসারে নয়) সমন্বয়ে কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনঃগঠন করা হলো:

ক্রম.	কর্মকর্তার পদবী ও কর্মসূল	কমিটিতে অবস্থান
১.	উপমহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ	আহবায়ক/ফোকাল পয়েন্ট
২.	উপমহাব্যবস্থাপক, আইন বিভাগ	সদস্য
৩.	উপমহাব্যবস্থাপক, পিএইচআরডি বিভাগ	সদস্য
৪.	উপমহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ	সদস্য
৫.	উপমহাব্যবস্থাপক, আদায় বিভাগ	সদস্য
৬.	উপমহাব্যবস্থাপক, প্রকৌশল বিভাগ	সদস্য
৭.	সিনিয়র প্রিসিপাল অফিসার, মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ	সদস্য সচিব/বিকল্প কর্মকর্তা

৩.১ কমিটির কার্যপরিধি :

- ক. প্রযোজনীয় পর্যালোচনা ও মূল্যায়নাত্তে সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণে কর্তৃপক্ষ বরাবর সুপারিশ পেশকরণ;
- খ. সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিতকরণ;
- গ. সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সংশ্লিষ্ট পক্ষসমূহের সাথে যোগাযোগ রক্ষাকরণ;
- ঘ. সেবা প্রদান প্রতিশ্রুতি' ঘোষণা অনুযায়ী সেবা প্রদান পরিস্থিতি মূল্যায়ন;
- ঙ. এতদিনে সরকার ও কর্তৃপক্ষ প্রদত্ত নির্দেশনা পরিপালন।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ তোফায়েল আহমেদ)

মহাব্যবস্থাপক

সূত্র নম্বরঃ এইচবি/এইচও/মার্কেটিং এন্ড ডেভ./এপিএ-৩০/ ফন্টেনো

তারিখঃ ২১.১১.২০২২খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যোতির ত্রামানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল), বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;
- ২। উপমহাব্যবস্থাপক (সকল)., বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;
- ৩। জোনাল/রিজিওনাল/শাখা ম্যানেজার (সকল), বিএইচবিএফসি;
- ৪। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিএইচবিএফসি, সদর দফতর, ঢাকা;
- ৫। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ ইউনিট, বিএইচবিএফসি, ঢাকা;
- ৬। অফিস কপি।

(উপমহাব্যবস্থাপক)
মার্কেটিং এন্ড ডেভ. বিভাগ